মেহেরপুরে চুক্তিবদ্ধ ধান বীজ উৎপাদকারী চাষীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) মেহেরপুর কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনের উদ্যোগে ২০১৯-২০ অর্থ বছরের আওতাধীন চুক্তিবদ্ধ বীজ উৎপাদনকারী চাষীদের নিয়ে বোরো ধান বীজ উৎপাদন কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দিনব্যাপী মেহেরপুর বিএডিসির প্রশিক্ষণ রুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর বিএডিসির উপপরিচালক এনামুল হকের সভাপতিত্বে প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসি (ঢাকা সার্কেল) এর যুগ্ম পরিচালক মুস্তাক আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের উপপরিচালক হাসমত আলী মিঞা, কুষ্টিয়া ধান গবেষণা ইনষ্টিটিউটের উর্ধ্বতন কর্মকর্তা মাহবুবুর রহমান দেওয়ান, মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ড. আকতারজ্জুমান, মেহেরপুর বীজ প্রত্যায়ন কর্মকর্তা মামুনুর রশিদ, সহকারি পরিচালক কামরুল হক মিয়া।

প্রশিক্ষণে চুক্তিবদ্ধ ৫০ জন চাষী অংশগ্রহণ করেন।

মেপ্র/ইএম

মেহেরপুরের ৯০ শতাংশ শিক্ষা

প্রতিষ্ঠানে নেই শহীদ মিনার

মেহেরপুরের তিনটি উপজেলার ৯০ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠানে নেই শহীদ মিনার। দেশপ্রেম, ভাষা প্রেম, নাগরিক চেতনা গড়ার শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে শহীদ মিনার না থাকায় শিক্ষার্থীরা একুশে ফ্রেব্রুয়ারির চেতনা থেকে দুরে থেকে যাচ্ছে।

একুশ পেরোনোর ৬৮ বছর পরেও সেই অব্যক্ত ক্ষুধা থেকেই যাচ্ছে শিক্ষার্থীদের। তবে জেলা প্রশাসন থেকে আগামি বছর জেলার সবগুলো শিক্ষা প্রতিষ্ঠানের বাধ্যতা মুলকভাবে শহীদ মিনার বাস্তবায়ন করার কথা জানানো হয়।

মেহেরপুর জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান গুলোর মধ্যে মাধ্যমিক ও কলেজ রয়েছে ১৬৮টি, প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৩০৮টি এবং কিন্ডার গার্টেন রয়েছে ১৬৯টি। সব মিলিয়ে ৬৪৫টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে এ জেলায়। এর মধ্যে মাত্র ৪৯টি প্রতিষ্ঠানে শহীদ মিনার রয়েছে। প্রাইভেট ও কিন্ডারগার্টেন প্রতিষ্ঠান গুলোর একটিতেও নাই শহীদ মিনার।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, মেহেরপুরের তিনটি উপজেলায় নিম্ম মাধ্যমিক, মাধ্যমিক, কলেজে মাদ্রাসা, ভোকেশনাল ও স্কুল এন্ড কলেজ রয়েছে ১৬৮টি।

এর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় নিম্ম মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় রয়েছে ৩৯টি, কলেজ রয়েছে ৪টি, মাদ্রাসা রয়েছে ১১টি, ভোকেশনাল ১টি, স্কুল এন্ড কলেজ ৩টি। এর মধ্যে ১২টি শহীদ মিনার রয়েছে।

গাংনী উপজেলায় নিম্ম মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় রয়েছে ৬৫টি, কলেজ রয়েছে ৮টি, মাদ্রাসা রয়েছে ১০টি, ভোকেশনাল ১টি, স্কুল এন্ড কলেজ ৩টি। এর মধ্যে ২০টিতে শহীদ মিনার রয়েছে।

মুজিবনগর উপজেলায় নিম্ম মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় রয়েছে ১৬টি, কলেজ রয়েছে ২টি, মাদ্রাসা রয়েছে ৪টি, ভোকেশনাল ১টি। এর মধ্যে ১৩টি প্রতিষ্ঠানে শহীদ মিনার রয়েছে।

এদিকে জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে খোঁজ নিয়ে দেখা গেছে তাদের চিত্র আরো করুণ। জেলার তিন উপজেলায় ৩০৮টি বিদ্যালয়ের

মধ্যে মাত্র ৪টি বিদ্যালয়ে শহীদ মিনার রয়েছে। এর মধ্যে সদর উপজেলার ১০৯টি বিদ্যালয়ের মধ্যে ২টিতে, গাংনীতে ১৬১টি বিদ্যালয়ের মধ্যে ১টিতে এবং মুজিবনগর উপজেলায়৩৮টির মধ্যে ১টি বিদ্যালয়ে শহীদ মিনার রয়েছে।

জেলা জাসদের সভাপতি ওমর আলী জানান, শিক্ষা প্রতিষ্ঠানের শহীদ মিনার না থাকা অত্যন্ত দু:খজনক ও লজ্জাস্কর। বর্তমান সরকারের দ্রুত এ দিকে নজর দেওয়া উচিত।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহা. ফজলে রহমান বলেন, ৩০৮টি বিদ্যালয়ের মধ্যে মাত্র ৪টি বিদ্যালয়ে শহীদ মিনার রয়েছে। বিদ্যালয় গুলোতে ভবন নির্মানের প্রকল্পে শহীদ মিনার নির্মান ট্যাগ করে দিলে প্রতিটি বিদ্যালয়ে শহীদ মিনার নির্মান করা সম্ভব ।
জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) আমান উদ্দিন মন্ডল বলেন, জেলার এতগুলো শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ মিনার নাই সেটি বোধগম্য নয়। আমি নতুন এসেছি। বিষয়টি নিয়ে উর্ধতন মহলকে জানানো হবে।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, শতকরা ৯০ শতাংশ বিদ্যালয়ে শহীদ মিনার নেই এটি খুবই দু:খজনক। ইতিপূর্বে বিষয়টি অনুধাবন করে স্থানীয় সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রীর মাধ্যমে জেলা পরিষদ থেকে বেশ কিছ’ বিদ্যালয়ে শহীদ মিনার তৈরি জন্য বরাদ্দ দেওয়া হয়েছে। কিন্তু জেলা পরিষদে প্রকৌশলী না থাকায় সেগুলো বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তবে আগামি বছরের ২১ শে ফেব্রুয়ারির আগেই জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ মিনার গড়ে তোলা হবে।

মেহেরপুরে ছাত্রদলের তিন ইউনিটের কমিটি গঠন

মেহেরপর সরকারি কলেজ শাখা, সদর উপজেল শাখা ও মুজিবনগর উপজেলা শাখা ছাত্রদলের আহবায়ক কমিটি গঠিত হয়েছে।

মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেন স্বাক্ষরিত পৃথক পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

সদর উপজেলায় বক্তিয়ার খালিদ বুলবুল কে আহবায়ক ও শেখ রাশেদুল ইসলাম রাজনকে সদস্য সচিব, মুজিবনগর উপজেলা কমিটিতে আকিব জাভেদ সেনজিন কে আহবায়ক ও আজিজুর রহমান আফিরুল কে সদস্য সচিব এবং মেহেরপুর সরকারি কলেজ শাখা কমিটিতে ফাহিম আহনাফ লিংকন কে আহবায়ক ও তরিকুল ইসলামকে সদস্য সচিব করা হয়েছে।

কমিটির দায়িত্ব প্রাপ্ত আহবায়ক ও সদস্য সচিব কে সাত দিনের মধ্যে পুর্নাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে।

মেপ্র/ইএম

মেহেরপুরে ফ্রিজ কিনলেন ১টি, উপহার পেলেন আরো ২ টি

মেহেরপুর শহরের কাথুলী সড়কে অবস্থিত ওয়ালটন এক্সক্লুসিভ শোরুম ইলেকট্রনিক্স গ্যালারী থেকে ১টি ফ্রিজ কিনে বিনামূল্যে আরো দু’টি ফ্রিজ পেয়ে তিনটি ফ্রিজের মালিক হলেন মেহেরপুর শহরের মালোপাড়ার জীবন ভুইমালি।

গতকাল সোমবার দুপুরের দিকে আনুষ্ঠানিক ভাবে লটারির মাধ্যমে প্রাপ্ত দুটি ফ্রিজ তুলে দেয়া হয়। ওয়ালটন এর হেড অফ মার্কেটিং আল মাহফুজ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জীবন ভুইমালির হাতে ফ্রিজ ৩টি তুলে দেন।

এসময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, ইলেকট্রনিক গ্যালারীর ব্যবস্থাপক শরিফুল ইসলাম।

মেপ্র/ইএম

মুজিবনগরে কলকাতার ২০ সাইকেল আরোহী

সাইকেল চালিয়ে সীমান্ত পেরিয়ে ২০ সদস্যের দল কলকাতা থেকে এখন বাংলাদেশে। উদ্দেশ্য, ২১ শে ফেব্রয়ারী প্রভাত ফেরিতে অংশ নেওয়া। আর এ জন্য তাদের সাড়ে ৫০০ কিলোমিটার পাড়ি দিতে হবে। দর্শনা সীমান্ত হয়ে গত রবিবার সন্ধায় মেহেরপুর মুজিবনগর পৌছায় এই প্রতিনিধি দল।

বাংলা ভাষার বিকৃতি ঠেকানো, ভাষার শুদ্ধতা, মর্যাদা সকলের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য ওপার বাংলার কলকাতা থেকে আসা “ভাষার সূত্র” নামের সংগঠনের। গত রবিবার কলকাতা প্রেসক্লাবের সামনে থেকে সাইকেল শোভাযাত্রা শুরু করে। ২০১২ সাল থেকে বাংলা ভাষার বিকৃতি ঠেকানোর জন্য প্রতিবছর এ শোভাযাত্রা করেন তারা।

গতকাল সোমবার সকালে তারা মুজিবনগর দিয়ে শুরু করে মেহেরপুরের বিভন্ন যায়গা ঘুরে কুষ্টিয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করে।

ভাষার সূত্র সংগঠনের দলনেতা বিপ্লব কুমার দত্ত বলেন, বাংলা শুধু কাটাতারের মধ্যেই বিভক্ত। ভাষা ও সংস্কৃতিতে আত্মার আত্মীয়। কাটাতারের বেড়াকে তারা ছিন্ন করে দুই বাংলাকে মেলবন্ধন ঘটাতে চান। বাংলা ভাষার জন্য যারা রক্ত দিয়েছন তাদের প্রতি শ্রদ্ধা জানাতে এই সাইকেল শোভাযাত্রা।

আরেক সদস্য স্বরস্বতী রায় বলেন, বাংলা ভাষার যে উৎপত্তি, বাংলা ভাষার যে প্রয়োগ, যে ব্যাখা সেটি অন্যান্য ভাষা থেকে হাজার গুণে সমৃদ্ধ। একমাত্র ভাষা বাংলা যার জন্য বিশ্বের বুকে বাঙালি জাতিকে রক্ত দিতে হয়েছে।

১৯৯৯ সালে ইউনেস্কো শুধুশুধুই বাংলাকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়নি। শুধু সংখ্যা ও গুণগত মান বিচার করে নয়, বাংলা ভাষা সবদিক থেকে সমৃদ্ধ। বাঙালি জাতি, বাংলা ভাষার চেতনা, বাংলা ভাষায় উদ্বৃত্ত হওয়া এবং মানুষকে সেগুলো জানানো।

সদস্য তপন কুমার রায় বলেন, বাংলা কখনও হয় না ভাগ, বাংলা ভাষায় আমরা এক। দুটো দেশের ভাষা এক সুতরাং আমরা কোন আলাদা জাতি নয়।

সদস্য সুদিপ্ত পাল বলেন, বাংলা ভাষার সুমহান ঐতিহ্য বাংলাদেশ বহন করছে। বাংলাদেশ একটি পবিত্র ভূমি যেখানে ভাষার জন্য মানুষ শহীদ হয়েছেন। ভাষা আন্দোলনকে কেন্দ্র করে একটি নতুন স্বাধীন রাষ্ট্রের জন্মহয়েছিল। এ জন্য আমরা অত্যান্ত গর্ব বোধ করি। ২১ শে ফেব্রুয়ারী শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর জন্য সাইকেল শোভাযাত্রাটি কলকাতা প্রেসক্লাব থেকে আরম্ভ করে দর্শনা, মুজিবনগর, কুষ্টিয়া, রাজবাড়ি, মানিকগঞ্জ হয়ে শহীদ মিনারে পৌছাবেন।
এ বছরের শোভাযাত্রাটি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উৎসর্গ করেছেন তারা।

মেপ্র/ইএম

স্ত্রীর গায়ে আগুন ধরিয়ে সেই আগুনে পুড়লেন স্বামীও

ঝিনাইদহে স্ত্রী পিংকির (২০) গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দিয়েছেন স্বামী সৌরভ (২৭)। এতে আত্মরক্ষার্থে পিংকি তার স্বামীকে জাপটে ধরলে দুজনেই অগ্নিদগ্ধ হন। পরে গুরুতর অবস্থায় স্থানীয়রা তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

গত রবিবার বিকাল সাড়ে ৫টার দিকে পৌর শহরের নতুন হাটখোলা এলাকায় এ ঘটনা ঘটে।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, ঘটনাস্থল পরিদর্শনে পুলিশ জানতে পেরেছে- বেশ কিছুদিন আগে শহরের আদর্শপাড়া এলাকার সাত্তার মণ্ডলের ছেলে সৌরভের সঙ্গে একই এলাকার মুন্না বিহারীর মেয়ে পিংকির প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। একপর্যায়ে তাদের মধ্যে বিরোধ হলে ওই মেয়ে সৌরভের নামে থানায় মামলা করে।

পরে বিয়ের শর্তে মামলার মীমাংসা হওয়ার পর দুই মাস আগে তাদের বিয়ে হয়। এরপর থেকেই উভয়ের মধ্যে বিরোধ চলছিল।

এরই ধারাবাহিকতায় বিকালে স্ত্রীর কাছে দুই হাজার টাকা দাবি করে সৌরভ। এ নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে পিংকির গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয় সে। এ সময় আত্মরক্ষার্থে স্বামী সৌরভকে জাপটে ধরলে তার গায়েও আগুন লেগে যায়। পরে স্থানীয়রা দ্রুত তাদের উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে।

তিনি বলেন, ‘এ ঘটনায় ওই মেয়ের পরিবারকে থানায় অভিযোগ দিতে বলা হয়েছে। পাশাপাশি আমরাও ঘটনাটির সঠিক অনুসন্ধান করছি।’

এ দিকে, সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. মুসলিমা স্বপ্নীল সাংবাদিকদের জানান ‘মেয়েটির শরীরের ৮০ শতাংশ অগ্নিদগ্ধ হয়েছে। ফলে তাকে ঢাকায় বার্ন ইউনিটে রেফার্ড করা হয়েছে। তবে তার স্বামীর শরীর তুলনামূলক কম পুড়েছে। হাসপাতালেই তার চিকিৎসা চলছে।

মেপ্র/আরপি

মেহেরপুরে জেলা সেচ্ছাসেবক লীগের প্রতিবাদ সভা

মেহেরপুরে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন কে কটুক্তি করার প্রতিবাদে বিক্ষোভ সমাবেস করেছে জেলা সেচ্ছাসেবকলীগ।

সোমবার বিকালে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এ প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল আনাম বকুল।

বক্তব্য দেন, সদর উপজেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার, গাংনী সেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশার, যুগ্ম আহবায়ক আব্দুর রাজ্জাক, মুজিবনগর সেচ্ছাসেবক লীগের সহ সভাপতি মতিউর রহমান,

সাধারণ সম্পাদক আরিফ শাহ, জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েল রানা, সদর কৃষকলীগের সভাপতি জাফর ইকবাল, সেচ্ছাসেবক লীগ নেতা ওয়াসিম।

এসময় উপস্থিত ছিলেন সেচ্ছাসেবক লীগের বিভিন্ন ইউনিটের নেতা কর্মীরা।

মুজিবনগরে ৩০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী আটক

মুজিবনগরে ৩০ বোতল ফেনসিডিলসহ রাসেল উদ্দীন নামের(১৭) নামের একজন মাদক ব্যাবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার দুপুর ১টা ৩০মিনিটের সময় মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজারের সামনে থেকে তাকে আটক করা হয়।

আটককৃত আসামী মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের নবীনগর খালপাড়ার শহিদুল ইসলামের ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, আসামি ফেনসিডিল বিক্রির উদ্যেশে সাইকেলযোগে মুজিবনগরের দিকে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের নেতৃত্বে এসআই জিয়াউর রহমান ও এএসআই ইলিয়াস কৃষকবেশে দারিয়াপুর বাজারে অভিযান চালায়। এমন সময় আসামিকে দারিয়াপুর বাজার পার হতে দেখা যায়। পরে সন্দেহজনক ভাবে তার কাছে গিয়ে বস্তার ভিতর ৩০ বোতল ফেনসিডিল পাওয়া যায়। পরে আসামীকে মুজিবনগর থানায় নিয়ে আসা হয়। আসামির বিরুদ্ধে মুজিবনগর থানায় মামলার প্রস্তুতি চলছে জানিয়েছে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম।

মেপ্র/ইএম

মেহেরপুরে স্বেচ্ছাসেবক লীগ নেতা পোলেন কারাগারে

মেহেরপুরে সেচ্ছাসেবক লীগ নেতা মাফিজুর রহমান পলেন কে আদালতে পাঠিয়েছে সদর থানা।

আদালত তাকে কারাগারে প্রেরনের নির্দেশ দেন। সোমবার দুপুরে তাকে কারাগারে পাঠানো হয়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চত করেন।

উল্লখ্য, গত রবিবার সদর উপজেলার যাদবপুর ব্রিজের উপর থেকে মেহেরপুর থানার এসআই শরীফ হাবিবুর রহমান সঙ্গীয়

অফিসার ফোর্সের সহায়তায় ৩০ (ত্রিশ) বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিলসহ আসামী মোঃ মাহফুজুর রহমান পলেন ও মোঃ জাব্বারুল ইসলাম’কে গ্রেফতার করেন।

এ বিষয়ে সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়, যার নাম্বার ১৯৷

মেপ্র/এমএফআর

মেহেরপুর পৌরসভার বিভিন্ন সড়কের সংস্কার কাজ অব্যাহত

মুজিব বর্ষ উপলক্ষে মেহেরপুর পৌরসভাকে ঢেলে সাজাতে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছেন মেহেরপুর পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন ।

সোমবার দুপুরে বর্তমান সরকারের প্রচেষ্ঠায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন প্রকল্পে পৌরসভার বিভিন্ন সড়কের সংস্কার কাজ শুরু করা হয়েছে। পৌরসভার সকল এলাকার অবকাঠামো উন্নয়নের কাজ চলমান আছে। এসময় পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহাফুজুর রহমান রিটন চলমান কাজ পরিদর্শন করেন।

পরিদর্শন কালে মেয়র বলেন, স্বাধীনতার সূতিকাগার মুজিবনগর খ্যাত এই মেহেরপুরকে ঢেলে সাজানোর সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছি। চলমান কাজ আরও দ্রুত সম্ভব হতো কিন্তু আমরা বিভিন্নভাবে বাধাগ্রস্থ হচ্ছি। অনেক ভালো মানের কাজ হচ্ছে এই পৌরসভায় কিন্তু বিভিন্ন মহল থেকে বিভিন্নভাবে বাঁধা সৃষ্টি ও ষড়যন্ত্র করা হচ্ছে। আমি জানি আপনাদের সকলের সহযোগিতা ও ভালোবাসা আমার সাথে আছে । আপনাদের ভালোবাসায় আমার মূল শক্তি।

এসময় প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফ রাজিব, বাপ্পি, শাকিল রাব্বি ইভান, জেলা ট্রাক গ্রুপ মালিক সমিতির সদস্য ও ঠিকাদার তানভীর আহমেদ রানা প্রমূখ।

মেপ্র/ইএম